Export Promotion Bureau Bangladesh

# "ASYCUDA World Database এ আমদানি-রপ্তানি ডাটা সংকলন, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ"

# শীর্ষক কর্মশালার প্রতিবেদন



# "ASYCUDA World Database-এ আমদানি-রপ্তানি ডাটা সংকলন, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ" শীর্ষক কর্মশালার প্রতিবেদন

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৮ আগস্ট, ২০২৪ ইং |
| স্থান | : | সম্মেলন কক্ষ, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১ কাওরান বাজার, ঢাকা |
| আয়োজক | : | রপ্তানি উন্নয়ন ব্যুরো |



ASYCUDA World Database-এ আমদানি-রপ্তানি ডাটা সংকলন, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ" শীর্ষক কর্মশালার স্থির চিত্রের একাংশ

## শুভেচ্ছা বক্তব্য ও পরিচিতি পর্ব

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচিতি পর্বের মাধ্যমে Workshop এর কার্যক্রম শুরু করেন।

## প্রেক্ষিত

রপ্তানি (শীপমেন্ট) ও রপ্তানি (আয়) এর মধ্যে বেশ কয়েক বিলিয়ন পার্থক্য রয়েছে। যা নিয়ে দেশের বিভিন্ন পত্র পত্রিকা ও ইলেক্ট্রনিক্স মিডিয়ায় ব্যাপকভাবে আলোচিত হয়েছে। এর প্রেক্ষাপটে ASYCUDA World Database-এ আমদানি-রপ্তানি ডাটা সংকলন, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ" শীর্ষক কর্মশালাটি রপ্তানি উন্নয়ন ব্যুরোর উদ্যেগে আয়োজন করা হয়।

**কর্মশালার উদ্দেশ্য**

রপ্তানি উন্নয়ন ব্যুরো সিরিজ মিটিং করে এ ডাটা তারতম্যের কারণ অনুসন্ধান করতে সক্ষম হয়েছে। কারণ সমূহের মধ্যে রয়েছে একই exp এবং commodity code (HS code) এর multiple entry সন্নিবেশিত থাকা, CMT (cutting, making and trimming) এর ক্ষেত্রে শুধুমাত্র making charge প্রাপ্য কিন্তু কাপড় সহ সমস্ত accessories এর দাম হিসাবায়ন , sample item যার কোন রপ্তানি মূল্য না থাকা সত্ত্বে ও রপ্তানি হিসাবে অন্তর্ভুক্তকরণ এবং EPZ থেকে দেশের অভ্যন্তরে বিক্রয়কে রপ্তানি হিসাবে এবং উক্ত রপ্তানি পুনরায় বিদেশে রপ্তানির সময় রপ্তানি হিসাবে আবার হিসাবায়ন প্রভৃতি উল্লেখযোগ্য। বিষয়টি সমাধানের লক্ষ্যে ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর সাথে কয়েক দফা সভা করে এ বিষয়ে সমাধানের উদ্যোগ নেয়া হয়েছে। সিরিজ সভা সমূহের ধারাবাহিকতায় ASYCUDA World Database-এ কিভাবে আমদানি-রপ্তানি সংক্রান্ত তথ্য/ডাটা সংকলন, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ করা হয় সে সম্পর্কে সাম্যক ধারণা অর্জনের জন্য অংশীজনের সমন্বয়ে আজকের এ কর্মশালা আয়োজন করা হয়েছে।

## অনুষ্ঠান কাঠামো

আমদানী ও রপ্তানি ডাটা সংকলনের বিষয়টি পাওয়ার পয়েন্টে মূল আলোচক উপস্থাপন করেন। তদপরিপ্রেক্ষিতে সকল অংশীজন আলোচনায় অংশগ্রহণের মাধ্যমে ডাটা প্রক্রিয়াকরণ বিষয়টি অধিকতর নির্ভুল এবং সুসংগঠিত করার বিষয়ে তাদের একান্ত মতামত প্রদান করেন।

## উপস্থাপনা (জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি)

ASYCUDA world database-এ মূলত আমদানি রপ্তানিকারকগণকে Bill of Entry/Export এর ৫৬টি Field এর মধ্যে বেশ কিছু Field তাঁদের নিয়োগকৃত C&F এজেন্ট এর মাধ্যমে পূরণ করতে হয়। অন্য Field গুলো স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যায়। প্রতিটি Field পূরণের প্রক্রিয়া সরাসরি প্রজেক্টরের মাধ্যমে কর্মশালায় উপস্থিত অংশীজনদেরকে দেখান। একই প্রক্রিয়ায় Bill of Import ও পূরণ করতে হয়। এই পুরণকৃত Bill of Export জাতীয় রাজস্ব বোর্ডের একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা Assesment করেন। এখানে উল্লেখ্য যে, Assesment হওয়ার পরও বিভিন্ন কারণে রপ্তানি/শিপমেন্ট সম্পন্ন হয় না। ট্যাক্স-ভ্যাট আদায়ের সুবিধার্থে জাতীয় রাজস্ব বোর্ড বাংলাদেশী মুদ্রায় Assesment সম্পন্ন করতে হয়। Bill of Export এর ভ্যালুকে বাংলাদেশী মুদ্রায় রূপান্তর করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিজস্ব আইন আছে। ASYCUDA World Database এর উল্লেখিত ডাটা সংশ্লিষ্ট অংশীজনকে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে এবং যে সকল সংস্থার সাথে এনবিআর এর API রয়েছে সে সকল প্রতিষ্ঠান লাইভ ডাটা পেয়ে থাকে। Assesment হওয়ার



ASYCUDA world database প্রক্রিয়াকরণ বিষয়ে বক্তব্য রাখছেন জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি জনাব আব্দুল কাইয়ুম, দ্বিতীয় সচিব।

পরও বিভিন্ন কারণে অনেক সময় রপ্তানি সম্পন্ন নাও হতে পারে অথবা Bill of Entry সংশোধন হতে পারে। এক্ষেত্রে ইপিবি কর্তৃক সংকলিত ডাটার সাথে বাংলাদেশ ব্যাংকের তথ্যের মধ্যে পার্থক্য পরিলক্ষিত হয়। তবে EGM (Export General Minifest) পদ্ধতি চালু হলে এ তারতম্য থাকবে না মর্মে মূল প্রবন্ধ উপস্থাপক সেমিনারে উল্লেখ করেন। বর্তমানে EGM (Export General Minifest) এর ৯০% কার্যক্রম সম্পন্ন হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের সবগুলো অফিস EGM (Export General Minifest) এর আওতায় আনা হলে অংশীজনদের Shipment data/স্টাফিং ডাটা প্রদান করা যাবে। ফলে রপ্তানি তথ্যের নির্ভুলতা নিশ্চিত করা সম্ভব হবে। তিনি আরও বলেন এসকল ডাটা সংগ্রহের জন্য Customs Procedures Code (CPC) ব্যবহার করা হয়। সরাসরি রপ্তানির জন্য EX1 ব্যবহার করা হয়। একইভাবে Temporary Export এর ক্ষেত্রে EX2, জব-export এর ক্ষেত্রে EX3, Transit to Export এর ক্ষেত্রে EX8, Other Export Procedures এর ক্ষেত্রে EX9 এবং Entry for home use এর ক্ষেত্রে IM4, Temporary Importation এর ক্ষেত্রে IM5, জব-importation এর ক্ষেত্রে IM6, Entry for warehousing এর ক্ষেত্রে IM7, Import Transit এর ক্ষেত্রে IM8, Other import procedures এর ক্ষেত্রে IM9 ব্যবহার করা হয়।

## প্যানেল আলোচক
## বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি

জাতীয় রাজস্ব বোর্ড থেকে প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, EXP ব্যতীত প্রায় ৭ বিলিয়ন মূল্যের রপ্তানির তথ্যে এন্ট্রি হয়েছিল। মূল প্রবন্ধ উপস্থাপক উল্লেখ করেন যে, EXP ব্যতীত ডাটাসমূহ সম্ভবত Sample item এর হতে পারে কারণ Sample item এর কোন EXP হয় না। এ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের প্রেরিত তথ্যে



প্যানেল আলোচক হিসেবে বক্তব্য রাখছেন বাংলাদেশ ব্যাংক প্রতিনিধি পরিচালক (পরিসংখ্যান) জনাব মোঃ আনিছুর রহমান ।

অনেক Multiple Entry ছিল। উক্ত Multiple Entry সমূহ বাংলাদেশ ব্যাংকের অবজারভেশন এর প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক দ্রুত সময়ে সংশোধনী আনয়নের জন্য তিনি জাতীয় রাজস্ব বোর্ডকে আন্তরিক ধন্যবাদ জানান। বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি অবগত আছেন মর্মে কর্মশালায় উল্লেখ করেন। বাংলাদেশ ব্যাংকের পরিচালক Sample item এর জন্য পৃথক Customs Procedures Code (CPC) তৈরীর জন্য অনুরোধ জানান।

বাংলাদেশ ব্যাংকের পরিচালক (পরিসংখ্যান) আরও বলেন, রপ্তানি (শীপমেন্ট) ও রপ্তানি (আয়) তথ্যের তারতম্য রয়েছে। রপ্তানি তথ্য নিয়মিতভাবে development partners, doner agency সহ দেশীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহ কর্তৃক বাংলাদেশের অর্থনৈতিক পরিস্থিতি মূল্যায়ন এবং জিডিপি নিরুপনসহ Balance of Payments (BoP) নিরুপণের জন্য ব্যবহৃত হয়। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রেরিত তথ্য হতে বাংলাদেশ ব্যাংক ও রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক ভিন্ন ভিন্ন Customs procedure codes (CPC) বিবেচনা করায় রপ্তানি তথ্যে ভিন্নতা পরিলক্ষিত হয়। CPC ব্যবহারের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক IMF recomentdation অনুসরণ করে। বাংলাদেশ ব্যাংক Realised export earning data এবং ইপিবি কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ড এর Assesed data ব্যবহৃত হওয়ায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংকলিত রপ্তানি আয় অপেক্ষা রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক সংকলিত রপ্তানি হতে বেশি হয়। পরবর্তীতে ডাটা পরীক্ষান্তে দেখা যায় ASYCUDA world database এ একই EXP এবং Commodity Code (HS code) Multiple entry সন্নিবেশিত হয়েছে, বিষয়টি দ্রুত জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করলে NBR রপ্তানির (শিপমেন্ট) তথ্য সংশোধনের উদ্যোগ গ্রহণ করে। এনবিআর কর্তৃক ত্বরিত ব্যবস্থা গ্রহণের তিনি তাদেরকে ধন্যবাদ জানান। তিনি ডাটার সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানগুলোকে অভিন্ন পদ্ধতিতে কাজ করতে হবে বলে মতামত প্রকাশ করেন। তাহলে ডাটা Missing হওয়ার সম্ভাবনা কম থাকবে। ৫৬টি ফিল্ডকে সমানভাবে গুরুত্ব দিতে হবে। যে ফিল্ড গুলো রপ্তানি আয়ের হিসেবে আমাদের দরকার সে ফিল্ড মোতাবেক কাজ করলে কোন সমস্যা থাকবে না মর্মে তিনি তার বিশ্লেষণে উল্লেখ করেন। তিনি বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি , সংশ্লিষ্ট পণ্য খাতের International Demand & Suply Trend পর্যালোচনা করে Export Target নির্ধারনের বিষয়ে গুরুত্বরোপ করেন।

## জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

রপ্তানি আয়ের তথ্যে গড়মিল সামষ্টিক অর্থনৈতিক সূচকসমূহে প্রভাব পড়বে কিনা সে বিষয়টি অর্থনৈতিক বিশ্লেষকগণের নিকট উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। বিষয়টি সমাধানের জন্য আজকের এ কর্মশালা একটি মাইলফলক হিসাবে উল্লেখ করে তিনি এ আয়োজনের জন্য ইপিবিকে ধন্যবাদ জানান। Real Time Data প্রাপ্তির জন্য API করার বিকল্প নেই।তবে এ প্রক্রিয়াকরণে এনবিআর কর্তৃপক্ষের অনুমোদনের বিষয় রয়েছে বিধায় Quick Soluation এর জন্য তিনি Bangladesh Customs এর Business Inteligentcy (BI) ব্যবহারের বিষয়ে অনুরোধ জানান। ডাটা নির্ভুলতার জন্য একই Customs Procedures Code (CPC) ও অভিন্ন ডলার এক্সচেঞ্জ রেট ব্যবহার করলে সমস্যা অনেকাংশ সমাধান হবে মর্মে তিনি মতামত প্রকাশ করেন। যেহেতু জাতীয় রাজস্ব বোর্ড হতে Secodary data সংগ্রহ করে রপ্তানি উন্নয়ন ব্যুরো। তাই রপ্তানি ডাটা প্রকাশ করার পূর্বে তা জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ ব্যাংকের সাথে সভা করে ভেলিডেশন করে নেয়ার উপর গুরুত্ব প্রদান করেন। তিনি আরও বলেন ইজিএম চালু হলে রপ্তানি ডাটার যে অসামঞ্জস্যতা তা দূরীকরণ করা সম্ভব হবে। এর পাশাপাশি তিনি উল্লেখ করেন যে, ডাটা সংকলনের সময় টেকনিক্যাল সহযোগিতার প্রয়োজন হলে জাতীয় রাজস্ব বোর্ড ইপিবিকে সার্বিক সহযোগিতা প্রদান করবে।



জনাব মুঃ রইচ উদ্দিন খান, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রতিনিধি

বিবিএস এর প্রতিনিধি উল্লেখ করেন যে, ইপিবির ন্যায় জাতীয় রাজস্ব বোর্ড থেকে তাঁরা নিয়মিতভাবে রপ্তানির Secondary data সংগ্রহ করে বিভিন্ন রিপোর্ট জেনারেট করে প্রকাশ করে থাকে। Customs procedure codes (CPC) কোড অনুযায়ী সকল প্রতিষ্ঠানকে অভিন্ন কোডের ডাটা সরবরাহ করলে ডাটার মধ্যে অসামঞ্জস্যতা থাকবে না মর্মে তিনি জানান।

## প্রধান অতিথি

রপ্তানি ডাটা সংশ্লিষ্ট সকলের সক্রিয় এবং আন্তরিক সহযোগিতার জন্য ব্যুরোর ভাইস চেয়ারম্যান প্রথমেই সকলকে ধন্যবাদ জানান। তিনি কর্মশালায় জাতীয় রাজস্ব বোর্ডের নিকট জানতে চান যে, CMT (Cutting Making & Trimming) এবং লোকাল রপ্তানির জন্য পৃথক CPC আছে কিনা এবং না থাকলে আলাদা CPC তৈরীর জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়াও তিনি Real Time Data প্রাপ্তির জন্য NBR এবং Bangladesh Bank এর মধ্যে API (Application Programing Interface) করার বিষয়ে গুরুত্ব প্রদান করেন। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি API (Application Programing Interface) সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত Bangladesh Customs এর Business Inteligentcy (BI) থেকে আপততঃ রপ্তানি তথ্য নেয়ার জন্য অনুরোধ জানান। এ



প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন কর্মশালার প্রধান অতিথি জনাব মোঃ আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো।

ক্ষেত্রে এনবিআর আইডি এবং পাসওয়ার্ড ইপিবিকে সরবরাহ করার বিষয়ে প্রস্তাব করেন। IMF এর Recommendation অনুযায়ী অভিন্ন কোড ব্যবহার না করলে ডাটার মধ্যে পার্থক্য থেকেই যাবে। সেজন্য সকল প্রতিষ্ঠানকে অভিন্ন কোড ব্যবহারের বিষয়ে ব্যুরোর ভাইস চেয়ারম্যান পরামর্শ প্রদান করেন।

## সুপারিশমালা

১১.১ রপ্তানি আয় নির্ভুলভাবে লিপিবদ্ধ করার জন্য Sample item, CMT এবং উচত হতে বাংলাদেশ এর স্থানীয় রপ্তানি আয় এন্ট্রি করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এদের নিজস্ব Customs Procedures Code (CPC) ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ ছাড়া Sample item, CMT, Local Export, জব-export Ges Temporary Export এর বোধগম্য Defination প্রকাশের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড উদ্যোগ গ্রহণ করবে।

১১.২ জাতীয় রাজস্ব বোর্ড ASYCUDA World database-এর ৫৬টি কলামের কোড ব্যবহারকারীদের বুঝার সুবিধার্থে অর্থবহ মিনিং প্রকাশ করার উদ্যোগ গ্রহন করবে।

১১.৩ রপ্তানি আয় হিসাবায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক, ইপিবি এবং বিবিএস কর্তৃক অভিন্ন ডলার এক্সচেঞ্জ রেট ব্যবহার করতে হবে।

১১.৪ জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ ব্যাংক হতে Real Time Data প্রাপ্তির জন্য উক্ত দুইটি সংস্থার সাথে দ্রুত সময়ের মধ্যে API (Application Programing Interface) করার বিষয়ে রপ্তানি উন্নয়ন ব্যুরো উদ্যোগ গ্রহণ করবে।

১১.৫ রপ্তানি উন্নয়ন ব্যুরোর কর্তৃক রপ্তানি মাসিক রপ্তানি প্রতিবেদন প্রকাশের পূর্বে তা এনবিআর এবং বাংলাদেশ ব্যাংক এর সাথে ভেলিডিশন করে নিতে হবে।

১১.৬ আমদানী নীতি আদেশ এবং রপ্তানি নীতিতে Sample হিসাবে আমদানী ও রপ্তানির স্পষ্ট সিলিং ভ্যালু না থাকায় এ ক্ষেত্রে জটিলতা দূরীকরণের জন্য আমদানী নীতি আদেশ এবং রপ্তানি নীতিতে বিষয়টি স্পষ্টীকরণ করতে হবে।

## সঞ্চালনা

Workshop এর সঞ্চালনার দায়িত্বপালন করেন নীতি ও পরিকল্পনা বিভাগের পরিচালক জনাব আবু মোখলেছ আলমগীর হোসেন। ইপিবি কর্তৃক ডাটা সংকলন প্রক্রিয়া এবং স্টেকহোল্ডার এর চাহিদামাফিক বিভিন্ন প্রতিবেদন প্রণয়নের বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন



কর্মশালাটি সঞ্চালনা করছেন ব্যুরোর পরিচালক জনাব আবু মোখলেছ আলমগীর হোসেন

## অংশগ্রহণকারী

ASYCUDA World database-এ আমদানি-রপ্তানি ডাটা সংকলন, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ শীর্ষক কর্মশালায় বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ডে, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর, বিএফটিআই ও সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী স্টেকহোল্ডাদের প্রায় ৩০ জনের বেশি উপস্থিত ছিলেন। উপস্থিতির তালিকা নিম্নরুপঃ

| Sl | Name & Designation | Organisation |
|---|---|---|
| 1 | Mr. Md. Anisur Ur Rahman<br>Director | Bangladesh Bank |
| 2 | Mr. Rezaul haque<br>Joint Secretary | Ministry of Finance<br>Finance Division |
| 3 | Mr. Raich Uddin Khan<br>First Secretary | National Board of Revenue |
| 4 | Mr. Abdul Quayum<br>Secound Secretary | National Board of Revenue |

| | | |
|---|---|---|
| 5 | Ms. kamrun Nahar Maya<br>Programmer | National Board of Revenue |
| 6 | Mr. Ruhul Amin<br>Assistant Programmer | National Board of Revenue |
| 7 | Mr. Md. Atik Sarker<br>Deputy Director | BIDA |
| 8 | Mr. Julfikar Khan<br>Research Manager | BFTI |
| 9 | Mr. HM Sumon<br>Research Associate | BFTI |
| 10 | Mr. Md. Suzat Ali Paddar<br>Joint Director | Bangladesh Bank |
| 11 | Mr. Md Shariful Islam<br>Assistant Director | Bangladesh Bank |
| 12 | Mr. Mehedunnabi<br>Research Officer | Export Promotion Bureau |
| 13 | Mr. Ahsan Habib<br>Research Officer | Export Promotion Bureau |
| 14 | Mr. Khademul Islam<br>Assistant Programmer | Ministry of Commerce |
| 15 | Mr. Ahmed Reza Shamim<br>Technical Lead Officer | Kolpolak Ltd. |
| 16 | Mr. Amirul Islam<br>Manager IT | Index IA Ltd. |
| 17 | Mr. Mehedi Hassan<br>Programmer | Export Promotion Bureau |
| 18 | Mr. Abu Horayra<br>Programmer | Ministry of Commerce |
| 19 | Mr. Akhtaruzzaman<br>Deputy Director | Export Promotion Bureau |
| 20 | Mr. Shafiqul Islam<br>Deputy Director | BBS |
| 21 | Mr. Tufail Ahmed<br>Deputy Director | BBS |
| 22 | Mr. Asif Newaz Emon<br>Deputy Director | Bangladesh Bank |
| 23 | Mr. Masud Rana<br>Joint Director | Bangladesh Bank |
| 24 | Ms. Kumkum Sultana<br>Director | Export Promotion Bureau |

| | | |
|---|---|---|
| 25 | Mr. Md. Shajallal<br>Director | Export Promotion Bureau |
| 26 | Mr. Khaled Mahmud<br>Director | Export Promotion Bureau |
| 27 | Mr. mahmudul Hasan<br>Director | Export Promotion Bureau |
| 28 | Mr. Md. Jashim Uddin<br>Computer Operator | Export Promotion Bureau |
| 29 | Mr. Md. mainul Islam<br>Executive Assistant | Export Promotion Bureau |
| 30 | Mr. Abdullah Al Sayeed<br>Seniour Engineer | Index IA Ltd. |
| 31 | Mr. Lokman Hossain<br>Assistant Chief | BTTC |
| 32 | Mr. Towfiqul Islam<br>Advisor | GIZ Bangladesh |
| 33 | Mr. Md. Rayhan Sarif<br>Advisor | GIZ Bangladesh |
| 34 | Mr. Minhaz Uddin<br>Investigator | Export Promotion Bureau |

Export Promotion Bureau
Bangladesh

## WE PROMOTE EXPORT
## WE BUILD BANGLADESH


**Follow Us**

www.epb.gov.bd /epb.gov.bd /epbbangladesh

/@exportpromotionbureau8411 /company/export-promotion-bureau

**EXPORT PROMOTION BUREAU**
TCB Bhaban
1st, 4th & 8th Floor
1 Kawran Bazar, Dhaka 1215, Bangladesh